# 63/1 (SEM–3) CC5/BENHC3056

## 2023

## BENGALI

Paper : BENHC3056

**( 19th Century Selected Text )**

*Full Marks* : 80

*Pass Marks* : 32

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত বিকল্পগুলি থেকে শুদ্ধ উত্তরটি বেছে নিয়ে লেখো (যি কোনো ছয়টা) : ১×৬=৬

(ক) "এইরূপে শত্রুমাঝে যুঝিলা সদলে পুত্র তব,"
এখানে রাবণের কোন্ পুত্রের কথা বলা হয়েছে?

*(i)* মেঘনাদ

*(ii)* বীরবাহু

*(iii)* সারণ

*(iv)* মকরাক্ষ

(খ) বিভীষণের পত্নীর নাম কী ছিল?

(i) জানকী

(ii) মন্দোদরী

(iii) সরমা

(iv) প্রমীলা

(গ) "প্রভাতিল বিভাবরী; জয় রাম নাদে
নাদিল বিকট ঠাট লঙ্কার চৌদিকে।"

'বিভাবরী' শব্দের অর্থ কী?

(i) অপরাহ্ন

(ii) মধ্যাহ্ন

(iii) রাত্রি

(iv) প্রভাত

(ঘ) নবীনানন্দ সন্ন্যাসীর প্রকৃত নাম কী ছিল?

(i) কল্যাণী

(ii) শান্তি

(iii) নিমাই

(iv) সুকুমারী





(ঙ) "লুঠিতে আসিলে আমরা কি দুই জনে রাখিতে পারিব।"
—কার উক্তি?

(i) মহেন্দ্র

(ii) ভবানন্দ

(iii) কল্যাণী

(iv) জীবানন্দ

(চ) তন্তুবায় শব্দের অর্থ কী?

(i) চরকা

(ii) সূতা

(iii) মাকু

(iv) তাঁতি

(ছ) সাধুচরণের স্ত্রীর নাম কী?

(i) রেবতী

(ii) সরলতা

(iii) ক্ষেত্রমণি

(iv) সৈরিন্ধ্রী

(জ) 'নীলদর্পণ' নাটকটি কয়টি অঙ্কে বিভক্ত?

(i) ৬টি

(ii) ৩টি

(iii) ২টি

(iv) ৫টি

(ঝ) বেগুনবেড়ের কুঠিতে তোরাপের সঙ্গে কতজন রাইয়তের সাক্ষাৎ পাওয়া যায়?

(i) ৩ জন

(ii) ৪ জন

(iii) ৫ জন

(iv) ৬ জন

(ঞ) 'আনন্দমঠ' উপন্যাসের প্রথম খণ্ডে কয়টি পরিচ্ছেদ আছে?

(i) ষোড়শ

(ii) চতুর্দশ

(iii) অষ্টাদশ

(iv) দ্বাদশ



( Continued



২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যি কোনো পাঁচটা) : ২×৫=১০

(ক) "তাহাকে আটক রাখে, এমন মুসলমান বাঙ্গালায় নাই।" কার উক্তি? কার উদ্দেশ্যে কথাটি বলা হয়েছে?

(খ) "গ্রামখানি গৃহময়, কিন্তু লোক দেখি না।"—কোন্ গ্রামের কথা বলা হয়েছে? এই গ্রামের একজন ধনবান ব্যক্তির নাম লেখো।

(গ) "বৃথা গঞ্জ দশাননে তুমি বিধুমুখী!"—উক্তিটি কার? তিনি কাকে কথাটা বলেছেন?

(ঘ) "সুচারু চামর চারুলোচনা কিঙ্করী
ঢুলায়; মৃণালভুজ আনন্দে আন্দোলি
চন্দ্রানন।"

'চারুলোচনা' এবং 'চন্দ্রানন' শব্দের অর্থ কী?

(ঙ) 'নীলদর্পণ' নাটকে উল্লিখিত দুজন নীলকর সাহেবের নাম লেখো।

(চ) "বাপু, দেশ ছেড়ে যাওয়া কি মুখের কথা? আমার এখানে সাত পুরুষ বাস।"—বক্তা কে? এখানে কোন্ গ্রামের কথা বলা হয়েছে?

(ছ) গোলকচন্দ্র বসু ও সাধুচরণের প্রতি কত বিঘে জমিতে নীলচাষের আদেশ হয়েছিল?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যি কোনো ছয়টি) : ৫×৬=৩০

(ক) 'আনন্দমঠ' উপন্যাসে বর্ণিত ঘটনার ঐতিহাসিক সত্যতা বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।



( Turn Over )

(খ) জীবানন্দ চরিত্রটি আলোচনা করো।

(গ) 'আনন্দমঠ' উপন্যাসে বঙ্কিমচন্দ্র প্রথম খণ্ডের প্রথম পরিচ্ছেদে যে ভয়াবহ মন্বন্তরের বর্ণনা দিয়েছেন তা নিজের ভাষায় লেখো।

(ঘ) "মহেন্দ্র কল্যাণীর শ্রমসহিষ্ণুতা দেখিয়া বিস্মিত হইলেন।"—উদ্ধৃতিটি অবলম্বনে কল্যাণীর চরিত্র চিত্রণ করো।

(ঙ) 'মেঘনাদবধ কাব্য' অবলম্বনে চিত্রাঙ্গদা চরিত্রটির উপর আলোকপাত করো।

(চ) "একাকিনী শোকাকুলা, অশোক-কাননে,
কাঁদেন রাঘব-বাঞ্ছা আঁধার কুটিরে
নীরবে!"

—সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

(ছ) 'মেঘনাদবধ কাব্য'-এর নবম সর্গের বিষয়বস্তু সংক্ষেপে উল্লেখ করো।

(জ) 'নীলদর্পণ' নাটকে তোরাপ চরিত্রের গুরুত্ব বিচার করো।

(ঝ) "থু, থু, থু! গোন্দো, প্যাঁজির গোন্দো।"—বক্তা কে? প্রসঙ্গটি ব্যাখ্যা করো।

(ঞ) 'নীলদর্পণ' নাটকের পঞ্চম অঙ্কের দ্বিতীয় ও চতুর্থ গর্ভাঙ্কে সাবিত্রীর যে উন্মাদিনী মূর্তি অংকিত হয়েছে তা বর্ণনা করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যি কোনো দুটি) : ১০×২=২

(ক) "মেঘনাদবধ কাব্য'-এর রাবণ রামায়ণ-এর রাবণ হইতে বহুলাংশে বিভিন্ন।" মন্তব্যটি অবলম্বনে রাবণ চরিত্রটি আলোচনা করো।



( Continued



(খ) 'আনন্দমঠ' উপন্যাসের সত্যানন্দ চরিত্রটি বিস্তৃত করো।

(গ) 'আনন্দমঠ' উপন্যাসের দ্বিতীয় খণ্ডের প্রথম পরিচ্ছেদে শান্তি চরিত্রটির শৈশব জীবনের যে বর্ণনা বঙ্কিমচন্দ্র দিয়েছেন তা উল্লেখ করো।

(ঘ) দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকে হাস্যরসের সার্থকতা কতখানি রক্ষিত হয়েছে, আলোচনা করো।

৫। নিম্নলিখিত যে কোনো একটি প্রশ্নর উত্তর দাও : ১৪

(ক) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গের মূল্যায়ন করো।

(খ) 'আনন্দমঠ' উপন্যাসে জাতীয়তাবাদের প্রভাব সম্পর্কে একটি পর্যালোচনা প্রস্তুত করো।

(গ) 'নীলদর্পণ' নাটক অবলম্বনে বাংলার নীলচাষীদের দুর্দশার পরিচয় দাও।

★★★